কানাইঘাটে সিলেট মহানগর ছাত্রদল নেতা জুবায়ের আহমদের বাড়িতে হামলা ও ভাঙচুর

কানাইঘাট প্রতিনিধি: সিলেট মহানগর ছাত্রদলের সাবেক সহ-সভাপতি,সিলেটের কানাইঘাট উপজেলার রাজাগঞ্জ ইউনিয়নের বীরদল আগকুফা গ্রামের ইউকে প্রবাসী জুবায়ের আহমদের বাড়িতে হামলা ও ভাংচুর করেছে দুর্বৃত্তরা।

গতকাল শুক্রবার (২৭ সেপ্টেম্বর) রাতে একদল মুখোশধারী সন্ত্রাসী তার বাড়িতে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করে।

সন্ত্রাসীরা জুবায়ের’র ঘরের জিনিসপত্র ভাংচুর করে। ঘরের দরজা জানালা ও গ্লাস সব কিছু তছনছ করে অপূরণীয় ক্ষতি করেছে দুর্বৃত্তরা।

এ সময় সন্ত্রাসীরা জুবায়ের’র বড় ভাই ও মা’কে শারিরীকভাবে লাঞ্চিত করে।

জুবায়ের আহমদের বড় ভাই ফয়জুল হোসেন সাংবাদিকদের জানান, জুবায়ের ছাত্রদলের রাজনীতি করতো। সিলেট মহানগর ছাত্রদলের সহ-সভাপতি ছিলো। বর্তমানে লন্ডনে আছে।

দেশে থাকা অবস্থায় রাজনীতির কারণে তার উপর অনেক হামলা মামলা হয়েছে। কিন্তু দেশ থেকে চলে গেলেও সন্ত্রাসীদের আক্রমন শেষ হচ্ছে না।

তিনি বলেন, গতকাল রাত ১০ ঘটিকার দিকে হঠাৎ ৪/৫টি মোটর সাইকেল যোগে একদল মুখোশধারী সন্ত্রাসী আমাদের বাড়ীতে এসে সবাইকে অবরুদ্ধ করে ফেলেন এবং জুবায়েরের সন্ধান চান। সে বাড়িতে নেই জানালে সন্ত্রাসীরা ঘরের জিনিসপত্র ভাংচুর শুরু করে।
আলমারি, সোকেস, কেবিনেটসহ বিভিন্ন আসবাপত্র ভাঙচুর করে অপূরণীয় ক্ষতি সাধন করেছে।